

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কটিয়াদী, কিশোরগঞ্জ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং : ০৫.৪১.৪৮৪৫.০০১.৩০.২৪-৮৪


তারিখ: ০১/০২/২০২৪ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নকৃত কটিয়াদী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে ০১/০২/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী এর পরিচালনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদবি	পদ সংখ্যা	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
০১	মুয়াজ্জিন	১(এক) জন	১০,০০০ টাকা (দশ হাজার)	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে কিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীকে (ক) নাম (খ) পিতার নাম (গ) বর্তমান ঠিকানা (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) জন্ম তারিখ (চ) জাতীয়তা (ছ) শিক্ষাগত যোগ্যতা এবং (জ) অভিজ্ঞতা সংক্রান্ত সনদ সহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- দরখাস্তের সাথে নিম্ন লিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা/ইউনিয়ন পরিষদকর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদের মূল কপি। (ঘ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি। (ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- প্রার্থীকে অবশ্যই আগামী ২০/০২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ বরাবর ডাকযোগে অথবা সরাসরি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আগামী ২২/০২/২০২৪ খ্রি. আবেদন পত্র যাচাই বাছাই পূর্বক গ্রহণযোগ্য প্রার্থীদের তালিকা katiadi.kishoreganj.gov.bd তে এবং নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- বাছাইকৃত যোগ্য প্রার্থীকে আগামী ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখ সকাল-১১.০০ ঘটিকায় প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য সকল কাগজপত্রের মূল কপিসহ উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ এর কার্যালয়ে উপস্থিত থাকতে হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে ভবিষ্যতে তার নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন কারণ দর্শনো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিলের করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন প্রকার সুপারিশ/তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে পরিগণিত হবে।


০১/০২/২০২৪
ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ

স্মারক নং : ০৫.৪১.৪৮৪৫.০০১.৩০.২৪-৮৪

তারিখ: ০১/০২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-২(কটিয়াদী,পাকুন্দিয়া)ও প্রধান উপদেষ্টা, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ। উপদেষ্টা, মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, কটিয়াদী, কিশোরগঞ্জ।
- উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কিশোরগঞ্জ।
- মেয়র, কটিয়াদী পৌরসভা। অবগতি ও বিজ্ঞপ্তি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- অফিসার ইন চার্জ, কটিয়াদী মডেল থানা।
- চেয়ারম্যান/ সচিব,.....ইউনিয়ন পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ কহলো।
- উপজেলা,..... কর্মকর্তা, কটিয়াদী, কিশোরগঞ্জ। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কটিয়াদী, কিশোরগঞ্জ। ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- সুপার, কটিয়াদী সদর ভোগপাড়া দাখিল মাদ্রাসা, কটিয়াদী, কিশোরগঞ্জ। ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- জনাব.....পিতা.....সাং.....কটিয়াদী, কিশোরগঞ্জ।
- অফিস কপি।